রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, আগস্ট ২০, ২০২৬**

[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**সিএ-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩ বঃ/০৩ আগস্ট ২০২৬ খ্রিঃ

নং **৩০.০০.০০০০.০২৬.০৬.০০৪.২১-২৬**—National Civil Aviation Security Committee (NCASC) এর সুপারিশ মোতাবেক গত ১০-০২-২০২৬ তারিখের ০৭ নং স্মারকমূলে পুনর্গঠিত "জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি NCASC কমিটি" নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

(ক) **কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | -সভাপতি |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | -সহ-সভাপতি |
| ৩. | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | -সদস্য |
| ৪. | চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | -সদস্য |
| ৫. | সদস্য বা তদূর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড | -সদস্য |
| ৬. | অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | -সদস্য |
| ৭. | ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: | -সদস্য |
| ৮. | মহাপরিচালক, (পরিচালন ও পরিকল্পনা), সশস্ত্র বাহিনী বিভাগ | -সদস্য |

| | | |
|---|---|---|
| ৯. | সদস্য, (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | -সদস্য |
| ১০. | সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় | -সদস্য |
| ১১. | রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয় | -সদস্য |
| ১২. | যুগ্মসচিব বা তদূর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | -সদস্য |
| ১৩. | যুগ্মসচিব বা তদূর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | -সদস্য |
| ১৪. | অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), বাংলাদেশ পুলিশ | -সদস্য |
| ১৫. | পরিচালক (বহিস্থ), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা | -সদস্য |
| ১৬. | পরিচালক (কাউন্টার ইন্টেলিজেন্স ব্যুরো), প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর | -সদস্য |
| ১৭. | সদস্য (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | -সদস্য সচিব |

(খ) **কমিটির কার্যপরিধিঃ**

(১) বেসামরিক বিমান চলাচলের ক্ষেত্রে নিরাপত্তা হুমকি মোকাবিলায় কৌশলগত ও প্রযুক্তিগত উন্নয়ন, সম্ভাব্য নিরাপত্তা হুমকির বিষয়ে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্য ও অন্যান্য বিষয়ের ভিত্তিতে নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ/সুপারিশ প্রদান;

(২) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগ, দপ্তর ও প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় নিশ্চিতকরণ;

(৩) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা নীতির প্রস্তাব প্রণয়ন ও বিদ্যমান নীতি সংশোধন সম্পর্কিত সুপারিশমালা প্রণয়ন;

(৪) বিমানবন্দরের বিদ্যমান নিরাপত্তা সংক্রান্ত সুযোগসুবিধা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদির সম্প্রসারণ এবং নতুন বিমানবন্দর নির্মাণকালে অবকাঠামোগত নিরাপত্তা সুবিধা প্রবর্তনের বিষয়াদি নিশ্চিতকরণ;

(৫) বিমানবন্দর নিরাপত্তা কমিটিসহ অন্যান্য সংশ্লিষ্ট কমিটির সুপারিশ পর্যালোচনাকরণ;

(৬) বিমান চলাচল নিরাপত্তার ন্যূনতম মান বজায় রাখার নিমিত্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও অন্যান্য রাষ্ট্রের সাথে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন এবং সামগ্রিকভাবে বিমান চলাচল নিরাপত্তার মান বৃদ্ধিকরণ এবং

(৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কেপিআই সম্পর্কিত নির্দেশনা বিবেচনা সাপেক্ষে জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রমের সমন্বয় সাধন এবং সে মোতাবেক পরামর্শ প্রদান।

(গ) **এড-হক সদস্য:** কমিটির স্থায়ী সদস্য ব্যতিত সভাকে প্রায়োগিক কৌশল সংক্রান্ত বিশেষজ্ঞ ও অভিজ্ঞ মতামত প্রদানের নিমিত্ত এ কমিটি কর্তৃক অনুমোদিত ব্যক্তি এড-হক সদস্য হিসেবে সভায় অংশগ্রহণ করতে পারবেন।

(ঘ) **প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপকমিটি:** কোনো নতুন কার্যক্রম, ব্যবস্থা ও বিধানসমূহ পর্যালোচনা এবং এর যথার্থতা যাচাই/পর্যালোচনার নিমিত্ত প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপকমিটি গঠন করা যাবে।

(ঙ) **সভা আহবান:** সভাপতি বছরে ন্যূনতম ০২ (দুই) বার সভা আহ্বান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ. কে. এম মনিরুজ্জামান**
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd